'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Programme 3rd Semester [Special] Examination, 2022

## LCC1-P2-BENGALI

**OLD SYLLABUS [For students with registration session 2018-2019 & 2019-2020]**

Time Allotted: 2 Hours — Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

১। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ — ৩×৪ = ১২

(ক) ধ্বনি পরিবর্তনের তিনটি কারণ লেখো।

(খ) যৌগিক স্বরধ্বনি কাকে বলে ? উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

(গ) জোড়কলম শব্দ উদাহরণ সহযোগে বুঝিয়ে দাও।

(ঘ) উপসর্গযোগে তিনটি শব্দ গঠন করো।

(ঙ) বর্ণবিপর্যয় বলতে কী বোঝো ? উদাহরণ দাও।

(চ) বাংলায় বিভক্তি কয়টি ও কী কী ?

২। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ — ৬×৪ = ২৪

(ক) অনুসর্গ প্রধান কারক বলতে কী বোঝো ? উদাহরণসহ আলোচনা করো।

(খ) অপিনিহিতি ও অভিশ্রুতির উদাহরণসহ সংজ্ঞা দাও। প্রসঙ্গত কোন্ উপভাষায় এদের প্রাধান্য দেখা যায় লেখো।

(গ) সমাস-এর সংজ্ঞা দাও। যে-কোনো একটি সমাস সম্পর্কে আলোচনা করো।

(ঘ) টীকা লেখোঃ

সংকর শব্দ, লোকনিরুক্তি।

(ঙ) কারক ও বিভক্তি নির্ণয় করোঃ

(অ) সকল সময় <u>চোখে</u> ধারা বয়।

(আ) <u>আচ্ছা</u> যাইব, কুড়ালি দাও।

(ই) রাম <u>বাড়ি</u> নেই।

(ঈ) <u>সকাল</u> হলে সূর্য উঠে।

(উ) তিনি পীড়ায় <u>কাতর</u>।

(ঊ) দিনকে রাত <u>রাতকে</u> দিন কর।

(চ) কৃৎ ও তদ্ধিত প্রত্যয়ের পার্থক্য নির্ণয় করো। প্রত্যয় দুটির উদাহরণ দাও।

৩। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) উচ্চারণস্থান ও প্রকৃতি অনুযায়ী বাংলা ব্যঞ্জনধ্বনির শ্রেণীবিভাগ সম্পর্কে আলোচনা করো।

(খ) কারক কাকে বলে ? বাংলা কারকের সংক্ষিপ্ত পরিচয় দাও।

(গ) ধ্বনি পরিবর্তনের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

(ঘ) উদাহরণ সহযোগে সংজ্ঞা দাওঃ

সমীভবন, স্বরভক্তি, বর্ণবিপর্যয়, স্বরসঙ্গতি।

——×——